বেকার জীবন যে
কি ভয়াবহ
তাহা একমাত্র
ভুক্তভোগীরাই জানেন
স্বাধীনভাবে বাড়ীতে ব'সে মাসে ১৫০্
টাকা হইতে ২০০্ টাকা রোজগার করুন।
গরীবদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।
বহরমপুর টেলারিং স্কুল
২৯, বাবুলবোনা রোড ( স্বাইকানন )
পোঃ বহরমপুর, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২০শে চৈত্র বুধবার, ১৩৭৪ ইং 3rd April 1968 | ৪৫শ সংখ্যা


সকল ঘরের তরে..
দীপ্তি লন্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. S.

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুল জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ঝুল, ধোঁয়া বা গন্ধহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লি
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

এই তো খেলার দিন—
ফুটবল, বুট, এ্যাংক্লেট, হোস্
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২০শে চৈত্র বুধবার সন ১৩৭৪ সাল।

## ॥ বিপর্যয়ের মুখে জঙ্গিপুর ॥

--০--

বিগত দুই বৎসর হইতে জঙ্গিপুরস্থ ভাগীরথী নদীর পুর্বতীরে যে ভাঙন শুরু হইয়াছে, তাহাতে জঙ্গিপুরবাসীদের উদ্বেগের যথেষ্ট কারণ আছে বলিয়া মনে করি। জঙ্গিপুরের মহাবীরতলা ঘাটের নিকট ভাগীরথী হঠাৎ বাঁক ফিরাইয়া কাটিতে কাটিতে অভ্যন্তরভাগে প্রবেশ করিতেছে এবং ইহার ফলে সদরঘাটের পাকুড়তলার দোকানপসার সব গিয়াছে। নদীর স্রোত দক্ষিণবাহিনী হইয়া যে ধাক্কা দিতেছে তাহার ফলে আগামী বর্ষায় বেশ কিছু সংখ্যক বসতবাটী নদীগর্ভে চলিয়া যাওয়ার সমূহ সম্ভাবনা। এই সূত্রে বহু ব্যয়ে নির্মিত জঙ্গিপুর কলেজ কিংবা জঙ্গিপুর বহুমুখী বিদ্যালয় প্রকৃতির খেয়ালের সামগ্রী হইয়া দাঁড়াইতে পারে।

ভাগীরথীর পূর্বতীরের জঙ্গিপুর একটি প্রাচীন শহর। ইহার একটি ঐতিহাসিক ঐতিহ্য রহিয়াছে। পশ্চিমতীরস্থ রঘুনাথগঞ্জ শহর ইহার অপেক্ষা অর্বাচীন কালের। ভাগীরথীর বর্তমান ভাঙন যদি অব্যাহত থাকে, তবে জঙ্গিপুরের ন্যায় সুপ্রাচীন শহরের অস্তিত্ব কিছু থাকিবে না। অগণিত পরিবার অশেষ দুর্দশার সম্মুখীন হইবেন এবং সরকারের করুণাপ্রার্থী হইয়া তাঁহাদের দিনাতিপাত করিতে হইবে। অপেক্ষাকৃত ভাগ্যবানেরা হয়ত যত্রতত্র সরিয়া পড়িবেন; কিন্তু যে সব হতভাগ্য কায়ক্লেশে আপন ভিটায় চারিটি দেওয়াল তুলিয়াছে, তাহাদের কি গতি হইবে?

এই ভাবনা শুধু জঙ্গিপুর পৌরসভারই নয়, ভাবনা জঙ্গিপুরবাসীদের, ভাবনা সরকারেরও। কিন্তু এই ভাবনা যে কাহারও আছে, তাহা এ যাবৎ সংবাদে প্রকাশিত হয় নাই। যখন সজাগ থাকার প্রয়োজন, তখন ঘুমাইলে অসময়ের নিদ্রার খেসারত সর্বত্রই দিতে হয়। আজ ভাগীরথী নদীর এই সর্বনাশা ভাঙনে নিশ্চেষ্ট থাকার পরিণাম ভয়াবহ, তাহাতে সন্দেহ নাই। অথচ এত বড় গুরুত্বপূর্ণ বিষয়টির সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণের লক্ষণ দেখা যাইতেছে কি না আমাদের জানা নাই। পৌরসভার একার দায়িত্বে যদি ইহার সমাধান অসম্ভব হয়, যুক্তপ্রচেষ্টার দ্বারা তাহা নিশ্চয়ই সম্ভব। যৌথ-প্রচেষ্টা বলিতে আমরা পৌরসভার কর্তৃপক্ষ এবং শহরের প্রভাবশালী ব্যক্তিদের সম্মিলিত চেষ্টার কথা বুঝাইতেছি। তাঁহারা সরকারের নিকট হাজির হোন, সরেজমিনে সরকারী তদন্তের ব্যবস্থা করুন। জঙ্গিপুর শহরকে রক্ষা করার দায়িত্ব জঙ্গিপুর পৌরসভার, না রাজ্যের, না কেন্দ্রীয় সরকারের—ইহাই স্থির করিতে বর্ষা আসিয়া যাইবে আর নদীর তাণ্ডবে কয়েকখানি গৃহ নিশ্চিহ্ন হইবে।

জঙ্গিপুর পৌরসভার কর্মকর্তাদের নির্বাচনে উত্তপ্ত বায়ু প্রবাহিত হয়। সাধারণ নির্বাচনে ত কথাই নাই। ১৯৬৭-'৬৮ এর মধ্যে পশ্চিমবঙ্গে রাজনীতির নানা পটপরিবর্তন হইয়াছে। কিন্তু তৎসত্বেও এই মূল সমস্যাটি উপেক্ষিত হইয়া রহিল কেন? জনসাধারণ এই প্রশ্ন নিশ্চয়ই করিতে পারেন। বিভিন্ন রাজনৈতিক দল ভোট ভিক্ষার ঝুলি লইয়া আসরে নামেন, আর চারিদিক মাতাইয়া তোলেন। কিন্তু কি রাজ্যে, কি কেন্দ্রে—কুত্রাপি কোন রাজনৈতিক সংস্থার পক্ষ হইতে জঙ্গিপুরের আসন্ন বিপদ সম্পর্কে সামান্য একখানি স্মারকলিপিও বোধ হয়, উপযুক্ত দপ্তরে পেশ করা হয় নাই।

শুনা যায়, বন্যা প্রভৃতি প্রাকৃতিক বিপর্যয়ে বিভিন্ন প্রাণী পারস্পরিক বৈরিতা ভুলিয়া সহাবস্থানের নীতির প্রতি আস্থাশীল হয়। কিন্তু মানুষের দুর্গতির চিত্র যেখানে আঁকা হইতেছে, সেখানেও কি আমরা শ্লথগতি হইয়া একে অপরকে দোষারোপ করিতে থাকিব? কাজেই জঙ্গিপুর যে বিপর্যয়ের মুখে পড়িয়াছে, তাহার প্রতিবিধান করা আশু প্রয়োজন। তাহা না হইলে গণতান্ত্রিক আদর্শের বুলি ঝাড়িয়া ভোট ভিক্ষা করা এক পৈশাচিক উল্লাস এবং ইহার পরিণাম জনগণের সদিচ্ছার বিলুপ্তি। ভাগীরথী অবাধ্য নদী নহে ইহাও মনে রাখা প্রয়োজন।

——

### লাল কেল্লার কাছে নেতাজীর মূর্তি

—•—

নেতাজী সুভাষচন্দ্র বসুর সামরিক পোষাক পরিহিত পূর্ণাবয়ব একটি প্রতিমূর্তি ঐতিহাসিক লাল কেল্লার কাছে স্থাপন করা হয়েছে। সংসদ ভবনে শ্রীসঞ্জীব রেড্ডির সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিকৃতি ও প্রতিমূর্তি সম্পর্কিত সংসদীয় কমিটির এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। সংসদ ভবনের সেন্ট্রাল হলের প্রবেশ পথে নেতাজীর একখানি আবক্ষ প্রতিকৃতি রাখারও প্রস্তাব হয়।

——

### সীমান্তে নিষেধাজ্ঞা

—•—

মুর্শিদাবাদ জেলা সমাহর্তা শ্রী বি, সি, শর্ম্মা, আই-এ-এস মহাশয় ফৌজদারী আইনের ১৪৪ ধারানুযায়ী প্রচারিত এক আদেশবলে ২৯শে মার্চ্চ, ১৯৬৮ হইতে মুর্শিদাবাদ জেলার ভারত পাকিস্তান সীমান্তের পাঁচ মাইল পর্য্যন্ত ভূখণ্ডে রাত্রি ৮ ঘটিকা থেকে ভোর ৫ ঘটিকা পর্য্যন্ত যে কোন প্রকার যানবাহনে অথবা মনুষ্যবাহিত হয়ে গৃহপালিত পশুসহ সর্ব্বপ্রকার আবশ্যকীয় পণ্য সামগ্রীর চলাচল এবং হাটে বাজারে দোকানে ক্রয় বিক্রয় নিষিদ্ধ কোরেছেন। কেবলমাত্র যথাযথ লাইসেন্স প্রাপ্ত ঔষধের দোকানে, জেলা শাসন-কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় আদেশনামাপ্রাপ্ত কলিকাতা শিলিগুড়ি জাতীয় সড়কে কিংবা বহরমপুর জঙ্গিপুর ষ্টেট সড়কে চলাচলকারী যানসমূহের এবং প্রকৃত মৎস্যজীবীদের ক্ষেত্রে এই আদেশ আবশ্যকমত শিথিল করা হবে অথবা প্রযোজ্য হবে না। এই আইন অমান্য করিলে দণ্ডনীয় হইতে হইবে।

— জেলা প্রচার দপ্তর

——

## সরষের তেল খেয়ে পক্ষাঘাতে আক্রান্ত

সম্প্রতি ২৪ পরগণা জেলার অন্তর্গত কাঁকিনাড়ায় ২৫ জন ব্যক্তির পক্ষাঘাত রোগে আক্রমণের সংবাদ পাওয়া গেছে। সমস্ত রোগীর ক্ষেত্রে রোগের লক্ষণ এক ধরণের। প্রাথমিক লক্ষণ হিসাবে দেখা গেছে যে, পায়ের গুল ( কাফ মাসেল্ ) শক্ত বোধ হয়, সেই সঙ্গে যন্ত্রণার অনুভূতি এবং পা ও পায়ের পাতায় বিভিন্ন মাত্রায় দৌর্বল্য বোধ হতে থাকে। অনেক ক্ষেত্রে নিম্নাঙ্গে এবং হাতের পেশী, হাতের তালু ও হাতের কবজিতে দুর্বলতা বোধ হতে থাকে। এই রোগের সংবাদে পশ্চিমবঙ্গ স্বাস্থ্য দপ্তর ও কলকাতার স্কুল অব ট্রপিকেল মেডিসিন একটি গবেষণা চালান। তাঁরা এই সিদ্ধান্তে উপনীত হন যে, 'ট্রাইক্রেসিল ফস্ফেট' নামক এক প্রকার বিষাক্ত রাসায়নিক দ্রব্যই এই রোগের কারণ। ট্রাইক্রেসিল ফস্ফেটযুক্ত খালি ড্রামে সরষের তেল রাখার দরুণই এই রোগ ঘটেছে। এই দ্রব্য জলে গলে না। এই রাসায়নিক দ্রব্য পেট্রোল ও প্লাষ্টিক কারখানায় ব্যবহৃত হয়। এই দ্রব্য তেলে গলে এবং তেলকে বিষাক্ত ক'রে তোলে। ঐ তেল খেলে পেটের কোনও গণ্ডগোল হয় না, অথচ পক্ষাঘাত রোগ হওয়ার সম্ভাবনা থাকে প্রচুর। উপরের তথ্য অনুসারে যে সব শিল্পসংস্থা ট্রাইক্রেসিল ফস্ফেট ব্যবহার করেন তাঁদের ঐ খালি ড্রাম বাজারে বিক্রি না করতে অনুরোধ করা যাচ্ছে এবং খুচরা ব্যবসায়ীরাও ঐ সব ড্রামে তেল রাখবেন না।

---

## গাগারিনের মর্ম্মান্তিক মৃত্যু

পৃথিবীর প্রথম মহাকাশচারী ইউরি গাগারিন এক বিমান দুর্ঘটনায় নিহত হয়েছেন। মস্কো রেডিও থেকে এই সংবাদ প্রচার করা হয়েছে। গাগারিনকে নিয়ে এক বছরের মধ্যে দুইজন সোভিয়েট মহাকাশচারী দুর্ঘটনায় নিহত হলেন। গাগারিনের বয়স ৩৪ বৎসর হয়েছিল। তিনি তাঁর স্ত্রী ভ্যালেনটিনা এবং দুটি কন্যা ৯ বছরের জেলেনা ও ৭ বছরের গ্যালিয়ার্কে রেখে গিয়েছেন।

---

## পুরুলিয়ার মাটিতে প্রচুর তামার সন্ধান

—•—

পশ্চিমবঙ্গ সরকারের খনি ও খনিজ পদার্থ অধিকার দু-বছর ধরে অব্যাহতভাবে অনুসন্ধান চালিয়ে পুরুলিয়া জেলায় মানবাজার থানার তামাখন-এর মৃত্তিকাগর্ভে প্রচুর পরিমাণ তামার সন্ধান পেয়েছেন। তামার জন্য মাটি খুঁড়তে গিয়ে ১৮ ফুট প্রশস্ত একটি তামার আকর পাওয়া গেছে। নমুনা থেকে দেখা গেছে যে, আকরের মোট ওজনের শতকরা ২·০৫ ভাগ তামা পাওয়া যাবে। তবে এই হার বেড়ে ২·৩৪ হতে পারে। পশ্চিমবঙ্গ সরকারের খনি ও খনিজ দ্রব্য অধিকার আরও অনুসন্ধানের জন্য কতকগুলি পুরাতন পরিত্যক্ত অগভীর খোলামুখ খনির লাইন বরাবর বিস্তৃত একটি অঞ্চল নির্দিষ্ট করেছেন। এখন পর্য্যন্ত যে তথ্য পাওয়া গেছে তা থেকে মনে হয় যে এই তাম্রখনি এলাকা সম্ভবত প্রায় দেড় মাইল বিস্তৃত। তামাখনের ৭ মাইল দক্ষিণে হাতিরামগোড়া এবং হাতিরামগোড়া থেকে ২০ মাইল পূর্বে বাঁকুড়া জেলার রাণীবাঁধেও তামার সন্ধান পাওয়া গেছে। তামাখনে অনুসন্ধানলব্ধ তামার অস্তিত্ব ১১০০ ফুট × ৫০০ ফুট এলাকা জুড়ে থাকতে পারে। আশা করা যায় ৮,০০০ টনের মত তামা পাওয়া যাবে। ভারতে তামার দারুণ ঘাটতির কথা বিবেচনা করলে রাজ্য সরকারের খনি ও খনিজ পদার্থ অধিকার কর্ত্তৃক তামাখনে তামার অস্তিত্ব আবিষ্কার একটি বিশেষ তাৎপর্য্যপূর্ণ ঘটনা।

---

## মেদিনীপুরে শহীদের আবক্ষ-মূর্ত্তি

—•—

মেদিনীপুর কলেজের ময়দান সংলগ্ন পূর্ব্ব পাশের জমিতে মেদিনীপুরের বিপ্লবী শহীদদের ( দীনেশ গুপ্ত, অনাথ পাঞ্জা, মৃগেন দত্ত ও নির্মলজীবন ঘোষ ) আবক্ষ মূর্ত্তি প্রতিষ্ঠা অনুষ্ঠান সমারোহে অনুষ্ঠিত হইয়াছে। বাংলার বহু বিপ্লবী নায়ক এই অনুষ্ঠানে যোগদান করেন।

---

নবম হইতে একাদশ শ্রেণী পর্য্যন্ত হাইয়ার সেকেণ্ডারী বিজ্ঞানের ছাত্র-ছাত্রীদের দায়িত্ব সহকারে পড়াইতে চাই। মৃণালকান্তি সরকার, রঘুনাথগঞ্জ পশু-হাসপাতালের দ্বিতল।

---

1. WANTED an asstt. teacher, B. A. (Hons)/M. A. in Bengali preferably trained.

2. Wanted a clerk having following qualifications :—

(a) Passed H. S. Examination,

(b) Having knowledge in Type-writing,

(c) Having knowledge in school accounts.

Applications to reach the under-signed on or before 15. 4. 68.

Rohini Kumar Roy,
Secretary,
Raghunathganj Girls' H. S. School.

---

## ট্রেণে আগুন

গত ২৮শে মার্চ্চ গয়া—হাওড়া প্যাসেঞ্জার-[illegible] পার্শেল ট্রেণখানি লালবাগ ষ্টেশন থেকে খাগড়াঘাট অভিমুখে রওনা হবার পরেই আগুনের কবলে পড়ে। ট্রেণটি থেমে যাবার সঙ্গে সঙ্গেই দেখা যায় যে তালাবদ্ধ পার্শেল বগী থেকে আগুনের লেলিহান শিখা বেরুচ্ছে। ঐ ট্রেণের যাত্রী ইঞ্জিন ড্রাইভার সাবোর মিঞার প্রত্যুৎপন্নমতিত্বের ফলে মাঝখানে অবস্থিত পার্শেল বগীটিকে বিছিন্ন করে দেওয়া হোলে আগুনের বিস্তৃতি ঘটা সম্ভব হয় নি। কিন্তু অগ্নি নির্বাপণের কোন উপায় না থাকায় বহু টাকার মালপত্র সমেত পার্শেল বগীটি ভষ্মীভূত হয়ে যায়। এই আগুনের ফলে ট্রেণখানি প্রায় সাড়ে তিন ঘণ্টাকাল লালবাগ ষ্টেশনের প্রায় দু' মাইল দূরে আটক হয়ে পড়ে থাকে।

'জনমত'



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল পঞ্চায়েৎ**, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| | |
|---|---|
| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

দাঁত তোলানোর ও বাঁধানোর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন
পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামার

চুলকুনি ও সকলপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ


---


**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ৩·০০ তিন টাকা অগ্রিম দেয়, প্রতি সংখ্যা দশ পয়সা

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১·০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)